62

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 2 [illegible] ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... [illegible] ...

# 'প্রাথমিক শিক্ষক সমাবেশের ঘটনাটি ষড়যন্ত্রমূলক'

স্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## 'প্রাথমিক শিক্ষক

(প্রথম পাতার পর)

সমিতি গত শনিবারের মহাসমাবেশে সংঘটিত ঘটনাকে ষড়যন্ত্রমূলক বলে উল্লেখ করেছেন। সমিতির নেতৃবৃন্দ রবিবার প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বলেন, সমাবেশে প্রধানমন্ত্রী শিক্ষকদের ৯ দফা দাবির অধিকাংশই পূরণের আশ্বাস দেন। বিগত কোন সরকারের আমলে বেসরকারী প্রাথমিক শিক্ষকদের বেতন স্কেল ছিল না। মাত্র পাঁচ শ' টাকা চালু করা হয় বিগত সরকারের আমলে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেসরকারী প্রাথমিক শিক্ষকদের বেতন স্কেল দিয়েছেন। বেতনের ৮০ ভাগ প্রদান, অবসর ভাতা, এককালীন আর্থিক সুবিধা, প্রশিক্ষণ চলাকালীন ভাতা, প্রশিক্ষণের সময়সীমা আরও তিন বছর বৃদ্ধি, প্রতি মাসে বেতন, চার শ'র বেশি ছাত্রছাত্রী সম্বলিত স্কুলে ৫ জন শিক্ষক, কল্যাণ ট্রাস্ট গঠনের ঘোষণা দিয়েছেন। অন্যান্য দাবিও পর্যায়ক্রমে পূরণে আশ্বাস দেন। এর পরও কতিপয় শিক্ষকের উচ্ছৃঙ্খল আচরণ ছিল দুর্ভাগ্যজনক। এর সঙ্গে শিক্ষক সমাজের কোন সম্পর্ক নেই। এরা ষড়যন্ত্র করে আন্দোলন সংগ্রামে অর্জিত সাফল্য নস্যাৎ করতে চায়। শিক্ষকনামধারী কিছু ব্যক্তি এই চক্রান্তের সঙ্গে জড়িত। কয়েকটি পত্রিকায় প্রকাশিত সংবাদ অনুযায়ী প্রধানমন্ত্রী শিক্ষকদের বিক্ষোভের মুখোমুখি হননি। ঘটনাটি ছিল আকস্মিক ও বিচ্ছিন্ন। আমরা এর তীব্র নিন্দা জানাচ্ছি। সমিতির সভাপতি শামসুল আলম, মহাসচিব আক্কাস আলী শেখসহ নেতৃবৃন্দ সাংবাদিক সম্মেলনের লিখিত বক্তব্যে স্বাক্ষর করেন।